সিটিব্যাপী শৃঙ্খলা ও

অনুশাসন ব্যবস্থার মানদণ্ড

শৃঙ্খলা বিধি ও
শিক্ষার্থীর অধিকার ও
দায়িত্বের সনদ, কে–১২

NYC
Department of
Education
Joel I. Klein
Chancellor

কার্যকর সেপ্টেম্বর ২০০৮

Department of Education

জোয়েল আই. ক্লাইন
চ্যান্সেলর

ক্যাথলিন গ্রিম
ডেপুটি চ্যান্সেলর
ফিন্যান্স অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন

মার্সিয়া লাইলস
ডেপুটি চ্যান্সেলর
টিচিং অ্যান্ড লার্নিং

ইলায়না কনস্টান
চিফ এগজিকিউটিভ অফিসার
স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট

সিটিব্যাপী শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থার মানদণ্ড {শৃঙ্খলাবিধি ও শিক্ষার্থীর অধিকার ও দায়িত্বের সনদ, কে-১২}
ক্রিস্টোফার স্গ্যারো, ডিরেক্টর, অফিস অব ইন্সট্রাকশনাল পাবলিকেশন্স কর্তৃক প্রকাশের জন্য প্রণীত।
গ্রাফিক ডিজাইন ও অঙ্গসজ্জায় টোবি হার্টম্যান

সিটিব্যাপী শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থার মানদণ্ড

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন আমাদের স্কুলগুলোয় নিরাপদ, সুরক্ষিত এবং সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে প্রতিদিন শেখান ও শেখার কাজ হয়ে থাকে। নিরাপদ, সহায়ক স্কুল পরিবেশ নির্ভর করে শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাদের পারস্পরিক শ্রদ্ধা প্রদর্শনের উপর । এই দলিলে 'শিক্ষার্থীর অধিকার ও দায়িত্ব বিল' অন্তর্ভুক্ত। এটি একটি বৈচিত্র্যপূর্ণ সমাজে কার্যকর নাগরিক হয়ে ওঠায় সচেষ্ট শিক্ষার্থীদের সহায়তা করার জন্য নীতিমালা প্রতিষ্ঠার মাধ্যমে দায়িত্বপূর্ণ শিক্ষার্থী-আচরণ এবং মর্যাদাশীল ও সম্মানজনক পরিবেশ রক্ষায় উৎসাহিত করে।

আচরণের মানদণ্ড: দায়বদ্ধতা ও সহায়তা

স্কুল কম্যুনিটির সকল সদস্যকে --শিক্ষার্থী, কর্মী ও পিতামাতা-- গ্রহণযোগ্য আচরণমালা, যা সব শিক্ষার্থীর মেনে চলা প্রত্যাশিত, এবং এসব নিয়মকানুন লঙ্ঘনের পরিণাম জানতে ও বুঝতে হবে। সিটিব্যাপী শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থা (শৃঙ্খলা বিধি) মাদক ও অস্ত্র সংশ্লিষ্ট ঘটনাসহ অগ্রহণযোগ্য আচরণের একটি সামগ্রিক তালিকা প্রদান করে। এর মধ্যে শিক্ষার্থী উল্লিখিত আচরণসমূহে লিপ্ত হলে প্রয়োগযোগ্য অনুমোদিত শৃঙ্খলা ও অনুশাসনমূলক ব্যবস্থাদির পাশাপাশি শিক্ষার্থীর আচরণ সংশোধনে স্কুল যেসব পরামর্শ পরিষেবার আশ্রয় নিতে পারে সেগুলোর উল্লেখও রয়েছে। এই বিধি প্রতিবন্ধীসহ সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য। প্রতিবন্ধী শিক্ষার্থীরা চ্যান্সেলরের প্রবিধান A-443 বর্ণিত আরও কিছু আইনি প্রক্রিয়ার রক্ষাকবচ লাভ করবে।

শৃঙ্খলা বিধি অনুমোদনযোগ্য একগুচ্ছ অনুশাসনমূলক পদক্ষেপ জোগান দেয়ার মাধ্যমে সকল শিক্ষার্থীর জন্য সামঞ্জস্যপূর্ণ ও ন্যায্য ব্যবহার উভয়ই নিশ্চিত করার সাথে সাথে প্রিন্সিপ্যাল, অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার অথবা চ্যান্সেলর কর্তৃক নিযুক্ত ব্যক্তি বা কম্যুনিটি সুপারিনটেন্ডেন্টদের নিজস্ব বিচার-বিবেচনা ও শিক্ষা-সংক্রান্ত সিদ্ধান্তপ্রয়োগে সমর্থ করে। কোনো শিক্ষার্থী অসদাচরণ করলে বা শ্রেণিকক্ষে কার্যত ব্যাঘাত সৃষ্টি করলে যেসব শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হতে পারে সেগুলো প্রিন্সিপ্যাল, শিক্ষক, স্কুল কর্মী, শিক্ষার্থী এবং পিতামাতাদের জানা উচিত। পরামর্শ পরিষেবার বিষয়টি একারণেই অন্তর্ভুক্ত করা হয়েছে যে, অগ্রহণযোগ্য আচরণ অথবা শৃঙ্খলা বিধির লঙ্ঘন আরও গুরুতর সমস্যার লক্ষণ হয়ে থাকতে পারে, যে-সমস্যায় হয়তবা শিক্ষার্থীরা ভুগছে। সেকারণেই, শিক্ষার্থীদের আচরণে সম্ভাব্য প্রভাব বিস্তারকারী বিষয়গুলোর প্রতি স্কুল কর্মকর্তাদের সংবেদনশীল হওয়া এবং তাদের প্রয়োজন অনুযায়ী সবচেয়ে সহায়কভাবে সাড়া দেয়া জরুরি।

স্কুল চলাকালে স্কুলে, স্কুলের আগে ও পরে, স্কুলের সম্পত্তিতে থাকাকালে, ডিপার্টমেন্ট অব এডুকেশনের অর্থায়িত যানবাহনে ভ্রমণকালে, স্কুল-আয়োজিত সকল অনুষ্ঠানে এবং স্কুলের সম্পত্তি নয় এমন কোনো স্থানে প্রদর্শিত আচরণ যখন শিক্ষা-প্রক্রিয়ায় বিরূপ প্রভাব ফেলবে অথবা স্বাস্থ্য, নিরাপত্তা, নৈতিকতা, বা স্কুল কম্যুনিটির কল্যাণের জন্য ক্ষতিকর বলে প্রতীয়মান হবে তখন শৃঙ্খলা বিধিতে উল্লিখিত মানসমূহ প্রযোজ্য হবে। অসদাচরণ যখন যোগাযোগ, অঙ্গভঙ্গি ও ইঙ্গিতপূর্ণ আচরণ সম্পর্কিত, তখন মৌখিক, লিখিত বা ইলেক্ট্রনিক যোগাযোগ সম্পর্কিত বিধিভঙ্গ হয়েছে বলে বিলে বিবেচিত হবে।

এই দলিলের বিষয়বস্তু শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাদের জানানোর দায়িত্ব স্কুল কর্মকর্তাদের।

নিবারণ ও অনুশাসন

স্কুল কর্মীরা সেই ধরনের কৌশল উদ্ভাবন ও প্রয়োগের জন্য দায়বদ্ধ হবেন, যা অভিজ্ঞতার মধ্য দিয়ে শিক্ষার্থীর সম্ভাব্য ভালো লেখাপড়া ও ইতিবাচক আচরণের উন্নয়ন ঘটায়। তারা শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টিকারী আচরণ মোকাবেলা করার ব্যাপারেও দায়িত্বশীল হবেন । প্রশাসক, শিক্ষক, কাউন্সিলর ও স্কুল কর্মীদের কাছে এটা প্রত্যাশা করা হয় যে, তারা শিক্ষার্থীর আচরণগত সমস্যা সমাধানে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে অনুশাসন ও নিবারণমূলক কৌশলের সাথে সম্পৃক্ত করবেন এবং এসব কৌশল সম্পর্কে শিক্ষার্থী ও তার পিতামাতার সাথে আলোচনা করবেন। ব্যক্তিগত ও পারিবারিক পরিস্থিতি সংক্রান্ড়পরামর্শ সহায়তা ও পরিষেবা; সামাজিক/আবেগজনিত শিক্ষা, যেমন দ্বন্দ্ব নিরসন/সতীর্থ মধ্যস্থতা/আপস-আলোচনা, ক্রোধ নিয়ন্ত্রণ, এবং/অথবা ভাববিনিময় দক্ষতা বৃদ্ধি; বিকল্প শিক্ষা-উপকরণ এবং/অথবা পদ্ধতি ব্যবহার; সমৃদ্ধিকরণ পরিষেবা; বিকল্প ক্লাসে স্থানান্ড়র করা; এবং/অথবা ব্যবহারিক আচরণের উন্নতি অথবা পর্যালোচনার বিষয়গুলো অনুশাসন এবং নিবারণ প্রক্রিয়ার অন্তর্গত হতে পারে এবং যা আগাম অনুশাসনমূলক কৌশল হিশেবে আচরণগত অনুশাসন পরিকল্পনা উদ্ভাবন এবং/অথবা পর্যালোচনা করতে হবে। যদি, কখনও, স্কুল কর্মকর্তারা সন্দেহ করেন যে শিক্ষার্থীর অসুবিধার কারণ প্রতিবন্ধিতাজনিত যা বিশেষ শিক্ষা পরিষেবা দাবি করতে পারে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে 'কমিটি অন স্পেশ্যাল এডুকেশন' (বিশেষ শিক্ষা সংক্রান্ড়কমিটি)-এর কাছে পাঠাতে হবে। যেসব অনুশাসন এবং প্রতিরোধমূলক কৌশল শিক্ষার্থীদের সম্পৃক্ত করে এবং তাদের মনে অভীষ্ট লক্ষ্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা সৃষ্টি করে সেগুলো প্রয়োগ করার মাধ্যমে স্কুল কর্মীরা শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক শিক্ষা এবং সামাজিক-মানসিক বিকাশকে সহজতর এবং স্কুলের নিয়মকানুন মেনে চলায় সহায়তা করে থাকেন।

সহযোগী হিশেবে পিতামাতা

স্কুলসমূহকে নিরাপদ করে তোলার পেছনে শিক্ষার্থী, পিতামাতা এবং স্কুল কর্মী সকলেরই ভূমিকা রয়েছে এবং সেই লক্ষ্য অর্জনে তাদের পারস্পরিক সহযোগিতা করা অত্যাবশ্যক। স্কুল কর্মীরা সন্তানদের আচরণ সম্পর্কে পিতামাতাদের অবহিত করবেন এবং সমস্যা সমাধানে সহযোগী হিশেবে পিতামাতাদের তালিকাভুক্ত করবেন। ফোনে যোগাযোগ করা/চিঠি দেয়া পিতামাতাদের সাথে যোগাযোগের অংশ হতে পারে, কিন্তু তা শুধু এর মধ্যে সীমিত হবে না। আদর্শ হিশেবে, পিতামাতা ও স্কুল কর্মীদের শিক্ষার্থীদের জন্য অনুকরণীয় আচরণ করা উচিত। নিরাপদ ও সহায়ক স্কুল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে পিতামাতাদের সক্রিয় এবং একান্ড় সহযোগিতা নিশ্চিত করার জন্য পিতামাতাদের অবশ্যই শৃঙ্খলা বিধির সঙ্গে পরিচিত হতে হবে। শিক্ষকদের দায়িত্ব পিতামাতাকে তাদের সন্ড়ানের আচরণ এবং স্কুল ও সমাজে সাফল্যলাভে শিক্ষার্থীদের যেসব দক্ষতা প্রয়োজন সেগুলোর প্রতিপালন সম্পর্কে অবহিত করা। শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করতে এমন বিষয়গুলো শিক্ষার্থীর শিক্ষক ও অন্যান্য স্কুলকর্মীর সাথে আলোচনা করার জন্য পিতামাতাদের উৎসাহিত করা হচ্ছে। স্কুল ও বাড়ির মধ্যে সর্বোচ্চ সম্ভব আলাপ-আলোচনা হওয়া ও যোগাযোগ রক্ষা করার বিষয়গুলো গুরুত্বপূর্ণ। প্রিন্সিপ্যাল বা তার মনোনীত ব্যক্তি, গাইডেন্স কাউন্সিলর, শিক্ষার্থীর পিতা অথবা মাতা এবং শিক্ষার্থীর এক বা একাধিক শিক্ষকের উপস্থিতিতে অনুষ্ঠিত গাইডেন্স কনফারেন্সই হচ্ছে পিতামাতাদের মতামত প্রদানে উৎসাহিত করার কার্যকর উপায় এবং উপযুক্ত ক্ষেত্রে সেখানে শিক্ষার্থীদেরও উপস্থিত রাখা দরকার। যেসব পিতামাতা তাদের সন্তানের আচরণ মোকাবেলায় তদারকি হস্তক্ষেপ প্রসঙ্গে আরোচনা করতে চান, তাদের উচিত প্যারেন্ট কোঅর্ডিনেটরসহ সন্তানের স্কুলে, অথবা, যদি প্রয়োজন হয়, ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসে (ওফিয়া) যোগাযোগ করা।

দ্রষ্টব্য: প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সকল নিয়মভঙ্গের ঘটনা সংশ্লিষ্ট পিতামাতাকে অবহিত করতে হবে। যদি কোন শিক্ষার্থী কোন অপরাধ করেছে বলে মনে করা হয়, তাহলে অবশ্যই পুলিশ ডাকতে হবে এবং পিতামাতার সাথে যোগাযোগ করতে হবে।(চ্যান্সেলরের প্রবিধান A-412 দেখুন)।

উপস্থিতি

যে সকল শিক্ষার্থীর উপস্থিতিজনিত সমস্যা দেখা যায় যা স্কুল-পালানো অথবা অকারণ অনুপস্থিতি কিংবা পাঠে অবহেলার মধ্যে প্রকটিত হয়ে থাকে, তাদের যথাযোগ্য সুযোগ, অনুশাসন এবং সহায়তা লাভের বিষয়টি স্কুল কর্মীগণ অবশ্যই নিশ্চিত করবেন। স্কুল-পালানো সংক্রান্ত ঘটনার ক্ষেত্রে, স্কুল কর্মীগণ অবশ্যই শিক্ষার্থী এবং পিতা অথবা মাতার সাথে আলোচনায় মিলিত হবেন একটি যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করার জন্য, যে-ব্যবস্থা শুধু তত্ত্বাবধানমূলক শাস্ড়ি, পরামর্শ পরিষেবার জন্য সুপারিশ, স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচিতে পাঠানো, পারিবারিক আদালতে তদারকি আবশ্যক এমন ব্যক্তি (পারসন ইন নিড অব সুপারভিশন, পি.আই.এন.এস.) হিশেবে ঘোষণা করার আবেদন এবং অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (শিশু পরিষেবা, এ.সি.এস.)-এর কাছে পাঠানোর মধ্যে সীমাবদ্ধ থাকবে না। স্কুল-পালানোর ঘটনাগুলো স্কুলের উপস্থিতি অথবা শিক্ষার্থী সংক্রান্ত কমিটি পর্যালোচনা করবে এবং স্কুল-পালানো সমস্যাটির নিরসনে

উপস্থিতির দায়িত্বে নিয়োজিত শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, শিক্ষক, সমাজ কর্মী এবং অন্যান্য স্কুল কর্মীকে সংশ্লিষ্ট করতে হবে। পাঠে অবহেলার সম্ভাব্য ঘটনাগুলোকে অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-750 –এর 1.5 ধারা অনুযায়ী নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল রেজিস্টার–এ নথিভুক্ত করতে হবে।

বিধিলঙ্ঘন এবং সম্ভাব্য শৃঙ্খলামূলক ব্যবস্থার পরিধি

কোন্ স্তরের অনুশাসনমূলক ব্যবস্থা আরোপ করা হবে হবে তা নির্ধারণে স্কুল কর্মকর্তাদের অবশ্যই শৃঙ্খলা বিধি পর্যালোচনা করতে হবে। ***যথার্থ শৃঙ্খলামূলক এবং/অথবা অনুশাসনমূলক ব্যবস্থা নির্ধারণ করার আগে, শৃঙ্খলা বিধি পর্যালোচনা ছাড়াও, নিম্নলিখিত বিষয়সমূহ অবশ্যই বিবেচনা করতে হবে:*** শিক্ষার্থীর বয়স, পরিপক্বতা, এবং পূববর্তী অনুশাসনমূলক ব্যবস্থার রেকর্ড (পূর্ববর্তী অসদাচরণের প্রকৃতি, পূর্ববর্তী অসদাচরণের সংখ্যা, এবং সেগুলোর প্রত্যেকটির জন্যে আরোপিত অনুশাসনমূলক ব্যবস্থা ইত্যাদিসহ); ঘটনার সাথে সংশ্লিষ্ট পরিবেশ, যার পরিণতিতে অনুশাসন প্রয়োজন হয়; এবং প্রযোজ্য ক্ষেত্রে, শিক্ষার্থীর আই.ই.পি. (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা), বি.আই.পি. (আচরণগত অনুশাসন পরিকল্পনা) এবং ৫০৪ স্থান–সংকুলান পরিকল্পনা (৫০৪ অ্যাকোমোডেশন প্ল্যান)।

বিবৃত বিধি লঙ্ঘনের ঘটনা সব কিছুকে অন্তর্ভুক্ত করে না। যেসব শিক্ষার্থী তালিকা বহির্ভূত অসদারচণে লিপ্ত হবে তারা স্কুলের বিধি ভঙ্গের দায়ে তাদের শিক্ষক, প্রিন্সিপ্যাল, অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার অথবা চ্যান্সেলর বা কম্যুনিটি সুপারিন্টেন্ডেন্ট কর্তৃক যথোপযুক্ত অনুশাসনের মুখোমুখি হবে। প্রত্যাশিত আচরণের মান সম্পর্কে কর্মচারী, শিক্ষার্থী এবং পিতামাতাদের অবগতি নিশ্চিত করার জন্য স্কুলের বিধিমালা হতে হবে লিখিত এবং তা শৃঙ্খলা বিধির সাথে বিলি করতে হবে।

চ্যান্সেলরের প্রবিধান A-443 এ শিক্ষক, প্রিন্সিপ্যাল কর্তৃক সাময়িক বহিষ্কার এবং সুপারিনটেনডেন্ট কর্তৃক সাময়িক বহিষ্কার সম্পর্কে যেসব প্রক্রিয়ার কথা উল্লিখিত রয়েছে সেগুলো ব্যতীত অন্য কোন উপায়ে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ এবং/অথবা স্কুল থেকে বহিষ্কার করা যাবে না।

বিধিলঙ্ঘনের স্তর

সিটিভিত্তিক আদর্শ শৃঙ্খলা ব্যবস্থা শিক্ষার্থীদেরকে তাদের আচরণের জন্য দায়বদ্ধ করে। বিধিলঙ্ঘনের প্রতিটি স্তরে সম্ভাব্য সর্বনিম্ন এবং সর্বোচ্চ অনুশাসনমূলক পদক্ষেপের বিধান রয়েছে যা একজন শিক্ষক, প্রিন্সিপ্যাল, অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার অথবা চ্যান্সেলর বা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট কর্তৃক আরোপিত হতে পারে। বিধিলঙ্ঘন গুরুত্বের ভিত্তিতে পাঁচটি স্তরে বিভক্ত, যা অবাধ্যতা থেকে মারাত্মক বিপজ্জনক অথবা সহিংস আচরণ পর্যন্ত বিস্তৃত এবং এগুলোর সাথে সঙ্গতিপূর্ণ সম্ভাব্য অনুশাসনমূলক পদক্ষেপের বিধানও রয়েছে। সম্ভাব্য এবং উপযুক্ত ক্ষেত্রে, অনুশাসনমূলক ব্যবস্থা শুরু হবে সর্বনিম্ন স্তর থেকে। 'কে'–৫ এবং ৬–১২ গ্রেডের জন্য আচরণের স্তরকে স্পষ্ট দুভাগে ভাগ করা হয়েছে যাতে শিক্ষার্থীর বয়স এবং সাধারণ পরিপক্বতার বিষয়টিকে বিবেচনা করা সম্ভব হয়। কোনো কোনো বিধিলঙ্ঘন 'কে'–৩ গ্রেডের ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে। যে সকল শিক্ষার্থী অতীতে উপযুক্ত শাস্তি পাওয়া সত্ত্বেও বারংবার অসদাচরণে লিপ্ত হয়, তাদের জন্য শৃঙ্খলা বিধিতে ক্রমবর্ধিত শাস্তির বিধান রয়েছে। আরও কঠিন শাস্তি দেয়া হবে সেসব শিক্ষার্থীকে, যারা একটি বিশেষ রীতিতে অব্যাহত অসদাচরণে লিপ্ত থাকে। সম্ভাব্য এবং উপযুক্ত ক্ষেত্রে, এ ধরনের শাস্তি বিধানের আগে, স্কুল কর্তৃপক্ষ অপেক্ষাকৃত লঘু শাস্তির ব্যবস্থা করবেন।

তত্ত্বাবধানমূলক অনুশাসন

স্কুল বর্ষ জুড়ে শিক্ষার্থীদের ইতিবাচক আচরণ প্রসারের জন্য স্কুল চলাকালীন বা স্কুল ছুটির পর নিবারণ ও অনুশাসনের একটি পরিধি এবং শিক্ষার্থী সহায়তা পরিষেবা প্রদান করে। কোন শিক্ষার্থী অসদাচরণে জড়িত হলে বিধিলঙ্ঘনসমূহের প্রতিকারে সম্ভাব্য একগুচ্ছ ব্যবস্থা ছাড়াও, শৃঙ্খলা বিধি তত্ত্বাবধানমূলক অনুশাসনের একটি সংক্ষিপ্ত তালিকাও প্রদান করে যা শিক্ষার্থী যে-ধরনের অসদাচরণে লিপ্ত হয়েছে তার প্রেক্ষাপটে বিবেচনা করা উচিত। স্কুল কর্মীদের তত্ত্বাবধানমূলক অনুশাসনসমূহ সামগ্রিক শাস্তিমূলক পদক্ষেপের অংশ হিশেবে প্রয়োগ করা প্রয়োজন এবং শাস্তি প্রক্রিয়ার প্রতিটি ধাপে শিক্ষার্থীদের তত্ত্বাবধানমূলক অনুশাসন লাভ করা দরকার, এমনকি যখন তারা দীর্ঘ সময়ের জন্যে বহিষ্কৃত হয়, তখনও। যখন নিয়মিত ও যথাযথভাবে ব্যবহার করা হয়, এসকল অনুশাসন শিক্ষার্থী অপরাধপ্রবণতা হ্রাসের উপায় হয়ে উঠতে পারে এবং অধিকতর ইতিবাচক স্কুল পরিবেশ সৃষ্টিতে অবদান রাখতে পারে।

সাময়িক বহিষ্কারাদেশের মেয়াদ শেষে ফিরে-আসা শিক্ষার্থীদেরকে স্কুল কম্যুনিটির পরিসরে তাদের সামাজিক ও প্রাতিষ্ঠানিক শিক্ষার মান অর্জনের ক্ষমতা সর্বোচ্চ মাত্রায় বৃদ্ধি করার জন্য সহায়ক পরিষেবা প্রদান করতে হবে।

প্রত্যেক পৃষ্ঠায় শাস্তিমূলক পদক্ষেপের পাশে তত্ত্বাবধানমূলক অনুশাসনের তালিকা রয়েছে এবং নিচে এর বিস্তারিত ব্যাখ্যা দেয়া হয়েছে।

তত্ত্বাবধানমূলক অনুশাসনের শ্রেণিবিভাগ

- ***পিতামাতার সাথে যোগাযোগ:*** স্কুলকর্মীদেরকে সন্তানের আচরণ সম্পর্কে পিতামাতাদেরকে অবগত রাখতে হবে এবং সমস্যা সমাধানের ক্ষেত্রে পিতামাতাদেরকে অংশীদার হিশেবে তালিকাভুক্ত রাখতে হবে। ফোন করা এবং/অথবা চিঠি দেয়া পিতামাতাদের সাথে যোগাযোগের অংশ হতে পারে, কিন্তু তা শুধু এর মধ্যে সীমিত হবে না।

- ***পরামর্শ কর্মীর সহায়তা:*** প্রাপ্তিসাপেক্ষে, স্কুলভিত্তিক পরামর্শ কর্মী (যেমন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী, স্কুলের মনোবিদ) মানসিকভাবে বিচলিত অথবা বিচলিত হওয়ার আশঙ্কা রয়েছে এমন শিক্ষার্থীদের সহায়তায় এগিয়ে আসতে পারেন। সংক্ষিপ্ত মধ্যস্থতা, আলাপ-আলোচনা ও মূল্যায়ন, বাছাই, সঙ্কট মধ্যস্থতা, সুপারিশ এবং কম্যুনিটিভিত্তিক বিভিন্ন কর্মসূচির সাথে সম্পৃক্ত করার বিষয়গুলো পরিষেবার অন্তর্গত হতে পারে।

- ***তত্ত্বাবধানমূলক বৈঠক:*** প্রিন্সিপ্যাল ও শিক্ষকেরা শিক্ষার্থীর সাথে এবং, উপযুক্ত ক্ষেত্রে, পিতামাতা অথবা অভিভাবকের সাথে তত্ত্বাবধানমূলক বৈঠকের অনুরোধ জানাতে পারেন। বৈঠকের উদ্দেশ্য হচ্ছে আচরণ পর্যালোচনা, সমস্যার সমাধান সন্ধান এবং আচরণের হেতু বা তার ইন্ধন হয়ে থাকতে পারে এধরনের প্রাতিষ্ঠানিক, ব্যক্তিগত ও সামাজিক সমস্যাসমূহ দূর করা।

- ***ব্যক্তিগত/দলগত পরামর্শ বৈঠক:*** পরামর্শ বৈঠক শিক্ষার্থীদেরকে সেইসব সমস্যা নিয়ে একান্তে আলাপ করার সুযোগ দেয় যেগুলো হয়ত তাদের উপস্থিতি, আচরণ, এবং/অথবা প্রাতিষ্ঠানিক সাফল্যের ক্ষেত্রে বিরূপ প্রভাব সৃষ্টি করেছে। শিক্ষার্থীরা আলোচনার মাধ্যমে লক্ষ্য স্থির করার পাশাপাশি সমস্যা সমাধানের কৌশল শেখে যা তাদের বিভিন্ন ধরনের ব্যক্তিগত প্রতিকূলতা মোকাবেলায় সমর্থ করে তুলবে। শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত অগ্রগতি প্রসঙ্গে আলোচনার জন্য পরামর্শ সহায়তাকারীরা পিতামাতার সাথে নিয়মিত ভিত্তিতে বৈঠক করবেন।

- ***সতীর্থ মধ্যস্থতা:*** সতীর্থ মধ্যস্থতাকারীরা সহপাঠীদের আচরণের পেছনে দায়ী সমস্যাসমূহ চিহ্নিতকরণে এবং সেসব সমস্যার সমাধান সন্ধানে সহায়তা করে থাকে। সতীর্থ মধ্যস্থতাকারীদের ব্যবহৃত কৌশলসমূহে দ্বন্দ্ব নিরসনের দক্ষতাগুলোকে সমন্বিত করা হয় যাতে সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীই দ্বন্দ্ব মোকাবেলার নিত্যনতুন উপায় শিখতে পারে।

- ***মেন্টরিং কর্মসূচি:*** মেন্টরিং কর্মসূচিতে একজন মেন্টর বা বিজ্ঞ পরামর্শদাতা থাকেন যিনি একজন কাউন্সিলর, শিক্ষক, শিক্ষার্থী এবং/অথবা নেতৃস্থানীয় ব্যক্তি হতে পারেন এবং তার অধীনে একজন শিষ্য থাকে। এই সম্পর্কের লক্ষ্য হচ্ছে ওই শিষ্যকে তার ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক শিক্ষা ও সামাজিক অগ্রগতিলাভে সহায়তা করা।

- ***দ্বন্দ্ব নিরসন:*** দ্বন্দ্ব নিরসন শিক্ষার্থীদের শান্তিপূর্ণ উপায়ে দ্বন্দ্ব নিরসনের দায়িত্বগ্রহণে সমর্থ করে তোলার সুযোগ দেয়। এ সম্পর্কিত কর্মকাণ্ড শিক্ষার্থী, পিতামাতা ও কর্মীদের দৈনন্দিন জীবনে প্রয়োগ করা সম্ভব এধরনের সমস্যা সমাধানের দক্ষতা/কৌশল শিখিয়ে থাকে। এধরনের দক্ষতার অন্তর্গত হতে পারে, তবে তা এর মাঝেই সীমাবদ্ধ নয়, দ্বন্দ্ব ও ক্রোধ ব্যবস্থাপনা, সক্রিয় শ্রবণ এবং কার্যকর ভাববিনিময়।

- ***আচরণচুক্তি প্রণয়ন:*** একটি লিখিত চুক্তি সম্পাদনে শিক্ষার্থী শিক্ষকের সাথে মিলিত হয়। কিছু লক্ষ্য এবং সেসব লক্ষ্য অর্জনে শিক্ষার্থীর করণীয় কার্যসম্পাদনার বিবরণ এই চুক্তির অন্তর্ভুক্ত থাকে। চুক্তিনামায় শিক্ষার্থী ও শিক্ষক এবং, উপযুক্ত ক্ষেত্রে, পিতামাতা অথবা অভিভাবক স্বাক্ষর করেন।

- ***আচরণগত অগ্রগতির স্বল্প-মেয়াদি প্রতিবেদন:*** শিক্ষার্থী নিজের আচরণ নিয়ন্ত্রণে সক্ষম এবং সে সাফল্যের সাথে শ্রেণিকক্ষে কাজ করছে এইমর্মে সন্তুষ্ট না-হওয়া পর্যন্ত শিক্ষক এবং/অথবা প্রিন্সিপ্যাল নিয়মিত ভিত্তিতে পিতামাতার কাছে আচরণগত অগ্রগতির প্রতিবেদন পাঠাতে পারেন।

- ***পি.পি.টি. (পিউপল পার্সোনেল টিম)-এর কাছে পাঠানো:*** পিউপল পার্সোনেল টিম হচ্ছে স্কুলভিত্তিক দল যারা নিবারণ ও অনুশাসন কৌশল এবং সহায়তার মাধ্যমে শিক্ষার্থী-সাফল্যকে উৎসাহিত করার জন্য বহুমাত্রিক শৃঙ্খলা পদ্ধতি ব্যবহার করে থাকে। প্রেরিত প্রত্যেক শিক্ষার্থীর জন্য একজন করে কেস ম্যানেজার নির্ধারণ করা হয় যাতে শিক্ষার্থীদেরকে তাদের প্রাতিষ্ঠানিক এবং/অথবা সামাজিক-মানসিক সমস্যা সমাধানে সহায়তা করার জন্য বৈশিষ্ট্যমণ্ডিত পরিকল্পনা গ্রহণ করা সম্ভব হয়।

- ***কম্যুনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে):*** শিক্ষার্থীরা যাতে তাদের স্কুলের পারিপার্শ্বিক এলাকা সম্পর্কে আরও ভালভাবে অবগত হতে এবং সমাজ পরিবর্তনের ইতিবাচক প্রতিনিধি হয়ে ওঠার দক্ষতা অর্জন করতে পারে, সেজন্য তাদের কম্যুনিটি পরিষেবার সুযোগ দেয়া যেতে পারে। কম্যুনিটি পরিষেবা শিক্ষার্থীদেরকে ইতিবাচক কর্মকাণ্ডে অংশগ্রহণ, নেতিবাচক আচরণ পরিহার এবং জনসেবা করার গুরুত্ব অনুধাবনে ব্যস্ত রাখার মাধ্যমে সহয়তা করতে পারে।

- ***কম্যুনিটিভিত্তিক সংগঠন (সি.বি.ও.)-এর কাছে পাঠানো:*** শিক্ষার্থীদের স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচি, ব্যক্তিগত বা দলগত পরামর্শ বৈঠক, নেতৃত্ব গড়ে-তোলা, দ্বন্দ্ব নিরসন ও টিউটোরিংসহ বিভিন্ন ধরনের পরিষেবার জন্য কোনো কম্যুনিটিভিত্তিক সংগঠনের কাছে পাঠানো যেতে পারে।
- ***মাদক অপব্যবহার সম্পর্কিত যথোপযুক্ত পরামর্শ পরিষেবার কাছে পাঠানো:*** যখন কোনো শিক্ষার্থীর মধ্যে অবৈধ মাদক, মাদক সংক্রান্ত অন্যান্য বস্তু, এবং/অথবা অ্যালকোহল ব্যবহার, বহন অথবা বিতরণ করা সহ নানা ধরনের মাদক অপব্যবহারজনিত সমস্যা দেখা দেয়, তখন তাকে স্কুলের অভ্যন্তরে বা বাইরে কোনো কম্যুনিটিভিত্তিক সংগঠনের মাধ্যমে পরামর্শ পরিষেবা গ্রহণের জন্য পাঠানো উচিত।

- ***কিশোর বয়সী সম্পর্কের অপব্যবহার বা যৌন সহিসংতার জন্য পরামর্শ পরিষেবার কাছে পাঠানো:*** যখন একজন ব্যক্তি তার ডেটিং সঙ্গীকে নিয়ন্ত্রণের জন্য নানা ধরনের হুমকি দেয় বা বাস্তবিক শারীরিক, যৌন এবং/অথবা মানসিক অত্যাচার করে, তখন স্কুলকে নিগৃহীত এবং এই আচরণে লিপ্ত শিক্ষার্থী উভয়কেই পরামর্শ, সহায়তা ও শিক্ষালাভের জন্য ভিন্ন ভিন্ন স্কুল কম্যুনিটিভিত্তিক সংস্থার কাছে পাঠাতে হবে। কোনক্রমেই, মধ্যস্থতা বা দ্বন্দ্ব নিরসন, কোনটিই অনুমিত সম্পর্কের অপব্যবহারের বিহিত করার জন্য যথোপযুক্ত হস্তক্ষেপ নয়।

- ***পক্ষপাতমূলক জবরদস্তি, ভীতিপ্রদর্শন বা হয়রানির কারণে পরামর্শ পরিষেবার কাছে পাঠানো:*** যখন একজন শিক্ষার্থী বা একদল শিক্ষার্থী অপর একজন শিক্ষার্থী বা একদল শিক্ষার্থী বিরুদ্ধে পক্ষপাতমূলক জবরদস্তি, ভীতিপ্রদর্শন বা হয়রানিমূলক আচরণে লিপ্ত হয়, তখন নিগৃহীত ও এই আচরণে লিপ্ত শিক্ষার্থী উভয়কেই স্কুল কর্মী বা কম্যুনিটিভিত্তিক সংস্থা পরিচালিত যথাযথ পরামর্শ, সহায়তা ও শিক্ষা পরিষেবায় পাঠাতে পাঠাতে হবে। কোনক্রমেই, মধ্যস্থতা বা দ্বন্দ্ব নিরসন, কোনটিই অনুমিত সম্পর্কের অপব্যবহারের বিহিত করার জন্য যথোপযুক্ত হস্তক্ষেপ নয়।

শাস্তিবিধান প্রক্রিয়া

চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী শিক্ষার্থীর রেকর্ডে সকল ঘটনা লিপিবদ্ধ করতে হবে। শ্রেণিকক্ষ থেকে সকল সাময়িক বহিষ্কার এবং বহিষ্কার অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান, স্টেট শিক্ষা আইন এবং ফেডারেল আইনের সাথে সঙ্গতি রেখে যথোপযুক্ত ও কার্যপ্রণালিগতভাবে বাস্তবায়িত করতে হবে। (দ্রষ্টব্য: গ্রীষ্মকালীন স্কুলের জন্য শিক্ষার্থী শাস্তিবিধান প্রক্রিয়া নিয়মিত স্কুল বর্ষে ব্যবহৃত প্রক্রিয়া থেকে ভিন্ন এবং সেগুলো আলাদাভাবে ইস্যু করা হয়।)

আপিল

চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী প্রিন্সিপ্যাল কর্তৃক জারিকৃত সাময়িক বহিষ্কারাদেশ অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার এবং চ্যান্সেলর নিযুক্ত অন্য কারো কাছে, এবং সুপারিনটেনডেন্ট (যেমন, অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার অথবা চ্যান্সেলরের নিযুক্ত অন্য কেউ কিংবা কম্যুনিটি সুপারভাইজার) কর্তৃক জারিকৃত সাময়িক বহিষ্কারাদেশের বিরুদ্ধে চ্যান্সেলরের কাছে আপিল করা যাবে।

চ্যান্সেলরের প্রবিধান

চ্যান্সেলরের সকল প্রবিধান http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm ঠিকানায় পাওয়া যাবে।

অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার অথবা চ্যান্সেলর নিযুক্ত অন্য কেউ, কিংবা প্রাথমিক ও নিম্ন-মাধ্যমিক স্কুলের ক্ষেত্রে কম্যুনিটি সুপারিনটেন্ডেন্ট কর্তৃক পাঁচ দিনের বেশি দিনের জন্য বহিষ্কার করা যেতে পারে। অনুধাবনের সুবিধার জন্য এ বইয়ের সর্বত্র ব্যবহৃত "সুপারিনটেন্ডেন্টের বহিষ্কার" শব্দটি অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের চিফ এগজিকিউটিভ অফিসার বা চ্যান্সেলরের নিযুক্ত অন্য কেউ এবং কম্যুনিটি সুপারিনটেন্ডেন্টের সাময়িক বহিষ্কার, উভয়টিকেই বুঝায়।

প্রস্তাবনা

শিক্ষার্থী, পিতা–মাতা এবং কর্মচারীদের মধ্যে সংশ্লিষ্ট সকলের মঙ্গলের জন্য একটি পারস্পরিক সম্মানজনক সম্পর্কের ধারণা গড়ে তোলাই হলো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোর লক্ষ্য। অপর লক্ষ্যটি হলো স্কুল কম্যুনিটির অভ্যন্তরে এবং বাইরে বিভিন্ন কর্মসুচিতে শিক্ষার্থীদের অংশগ্রহণ, যা নাগরিক দায়িত্বশীলতা এবং সমাজ সেবার উপর বিশেষ গুরুত্ব আরোপ করে। স্কুল কম্যুনিটির সকলের সহযোগিতাই প্রতিটি শিক্ষার্থীর শিক্ষাগত অভিজ্ঞতা এবং উৎকর্ষ লাভের বিষয়টি নিশ্চিত করবে। বৈচিত্র্যপূর্ণ এ সমাজে মুল্যবান নাগরিক হিশেবে গড়ে উঠার কাজে ব্যাপৃত শিক্ষার্থীদের জন্য এই দলিলটি পথনির্দেশিকা হিশেবে কাজ করবে।

I. বিনামুল্যে পাবলিক স্কুলে লেখাপড়ার অধিকার

পাবলিক স্কুলগুলি, যেখানে বিভিন্ন বয়স্কদের পরিপক্বতার স্তর অনুয়ায়ী অধিকারও ভিন্ন হতে পারে, সেখানে বিনামুল্যে পাবলিক স্কুলে লেখাপড়া করার অধিকার সকল শিশুদের জন্য একটি নিশ্চিত মৌলিক "শিক্ষার্থী অধিকার"।

শিক্ষার্থীদের অধিকার আছে:

1. আইনগত ক্ষমতা অনুসারে কিন্ডারগার্টেন থেকে ২১ বছর বয়স অথবা হাই স্কুল ডিপ্লোমা অর্জন– যেটি আগে হয়, সে পর্যন্ত পাবলিক স্কুলে বিনামুল্যে শিক্ষা লাভ করার; শিক্ষার্থীরা যারা ইংরেজি ভাষার শিক্ষার্থী হিসেবে নির্ধারিত, তারা আইন অনুযায়ী দ্বি–ভাষী অথবা দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজি ভাষা শিক্ষা লাভ করার; যে সমস্ত প্রতিবন্ধী শিক্ষার্থীরা বিশেষ ব্যবস্থায় শিক্ষালাভের জন্য বিবেচিত হয়েছে, তারা আইন অনুযায়ী ৩ বছর বয়স থেকে ২১ বছর বয়স পর্যন্ত শিক্ষা লাভ করার;

2. একটি নিরাপদ এবং সহযোগিতাপুর্ণ শিক্ষার পরিবেশে থাকার, যা পক্ষপাতিত্ব, হয়রানি, জবরদস্তি এবং গোঁড়ামি থেকে মুক্ত (দেখুন চ্যান্সেলরের প্রবিধান এ–৮৩০ ও এ–৮৩১);

3. অন্যদের কাছ থেকে যথাযথ বা অনুমিত বয়স, নর–গোষ্ঠীগত পরিচয়, বিশ্বাস, বর্ণ, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি (মানুষ যেভাবে নিজের পরিচয় দিতে চায়, যেমন নারী, পুরুষ বালক, বালিকা), লৈঙ্গিক প্রকাশ (অপরের কাছে নিজের লৈঙ্গিক পরিচয় ব্যক্ত করে এধরনের অভিব্যক্তি, যেমন বেশভূষা, কেশবিন্যাস, আচার–ব্যবহার ইত্যাদি), ধর্ম, মুল জাতীয়তা, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, যৌনসঙ্গী হিশেবে পুরুষ/নারীর প্রতি পক্ষপাত, শারীরিক এবং/অথবা মানসিক অবস্থা, প্রতিবন্ধিতা, বৈবাহিক অবস্থা এবং রাজনৈতিক বিশ্বাস নির্বিশেষে সম্মান পাওয়ার;

4. শিক্ষা–বর্ষ শুরুর প্রথম দিকে অথবা ভর্তি হওয়ার পরে শিক্ষা–বর্ষ চলাকালে স্কুলের শৃঙ্খলা বিধি সম্বলিত নীতি এবং কর্মপদ্ধতি এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের শিক্ষার্থীদের অধিকার ও কর্তব্যের সনদের অনুলিপি পাওয়ার;

5. বিভিন্ন পাঠক্রম এবং পরীক্ষা সম্বন্ধে জানার এবং ডিপ্লোমা অর্জন করতে কী কী যোগ্যতার দরকার, সে যোগ্যতা অর্জনে কী কী সহযোগিতা পাওয়া যাবে, তা জানার;

6. স্বাস্থ্যগত, জ্ঞানগত এবং ভাষাগত যোগ্যতা যাচাইয়ের পদ্ধতি সম্বন্ধে জানার;

7. স্কুলে বিদ্যমান কোর্স এবং প্রোগ্রাম সমূহ সম্পর্কে জানার এবং নৈর্বাচনিক বিষয়সমূহ নির্বাচন করতে সহায়তামূলক বিষয়সমূহ সম্পর্কে জানার সুযোগ পাওয়ার;
8. পেশাজীবীর কাছ থেকে শিক্ষা লাভ করার;
9. স্কুলে শিক্ষা দেয়া হয় এমন প্রত্যেক বিষয়ের এবং/অথবা পাঠক্রমের মানদণ্ড সম্পর্কে জানার এবং প্রতিষ্ঠিত মানদণ্ড অনুযায়ী স্কুলের কাজ শেষে গ্রেড লাভ করার;
10. প্রথামাফিক এবং প্রথাবহির্ভূত রিপোর্ট আকারে লেখাপড়ার উন্নতি সংক্রান্ত এবং সাময়িক মূল্যায়ন সংক্রান্ত বিষয় অবগত হওয়ার;
11. কোন বিষয়ে অকৃতকার্য হওয়ার বা একই ক্লাসে থেমে থাকার সম্ভাবনার ক্ষেত্রে যথাসময়ে বিজ্ঞপ্তি পাওয়ার;
12. একই ক্লাসে থেমে থাকার ক্ষেত্রে অথবা কোন বিষয়ে ফেল করার বিষয়ে আবেদন করার;
13. যদি তারা হাই স্কুলে থাকে, তাহলে অনুরোধ সাপেক্ষে তাদের স্কুল রেকর্ড পর্যালোচনা করার (রেকর্ড দেখার অধিকার সব সময়ই পিতা-মাতা/পিতৃ-মাতৃ-সম্বন্ধীয় প্রাপ্তবয়স্ক এবং উপযুক্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে অঙ্গীভূত);
14. স্কুল কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত রেকর্ডের গোপনীয়তা রক্ষার;
15. ব্যক্তিগত, সামাজিক, পেশাগত এবং কারিগরি পথনির্দেশ, পরামর্শ এবং উপদেশ পাওয়ার।

II. মত প্রকাশের ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর প্রতিষ্ঠিত নীতি এবং পদ্ধতি অনুসারে সকল শিক্ষার্থীর মত প্রকাশের, কোন বিষয় সমর্থন করার, কোন বিষয় নিয়ে আলোচনার জন্য সংগঠিত এবং সমবেত হওয়ার এবং সে বিষয় নিয়ে শান্তিপূর্ণভাবে দায়িত্বশীলতার সাথে বিক্ষোভ প্রদর্শন করার অধিকার নিশ্চিত আছে।

শিক্ষার্থীদের অধিকার আছে:

1. প্রতিনিধিত্বশীল শিক্ষার্থী সংসদ সংগঠিত করার, উৎসাহিত করার এতে অংশ গ্রহণ করার;
2. সবার অংশগ্রহণের সমানাধিকারের ভিত্তিতে শিক্ষার্থী সংগঠন, সামাজিক ও শিক্ষামূলক ক্লাব অথবা দল এবং রাজনৈতিক, ধর্মীয় দার্শনিক দল গঠন করার, উৎসাহিত করার এবং এগুলোতে অংশ গ্রহণ করার;
3. স্কুলব্যাপী বিভিন্ন কমিটিতে, যথোপযুক্ত ও যথাপ্রযোজ্য ক্ষেত্রে ভোটাধিকারসহ প্রতিনিধিত্ব করার, যা স্কুলের শিক্ষা পদ্ধতিতে ভূমিকা রাখে;
4. দায়িত্বশীল সাংবাদিকতার পদ্ধতি অনুসরণ করে এবং স্বীকৃত শিক্ষকতা-সম্পৃক্ত নীতির ভিত্তিতে স্কুল সংবাদপত্র প্রকাশ করার, যাতে স্কুল-জীবন এবং শিক্ষার্থী-সম্পৃক্ত বিভিন্ন বিষয় এবং দৃষ্টিভঙ্গী প্রকাশিত হবে;
5. স্কুল কর্তৃপক্ষের স্থির করা নিয়ন্ত্রণ-বিধি মোতাবেক সময়, স্থান এবং বণ্টণের নিয়ম অনুসরণ করে সংবাদপত্র, পুস্তিকা অথবা রাজনৈতিক প্রচারপত্র স্কুলে বিলি করা, যদি না তা হয় নোংরা, অশ্লীল, বাণিজ্যিক অথবা স্কুলের কাজে বস্তুগত বিঘ্ন উৎপাদনকারী, যা বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে কিংবা অন্যের অধিকারে হস্তক্ষেপ করতে পারে;
6. নোংরা, অশ্লীল অথবা স্কুলের জন্য বস্তুগত বিঘ্ন উদ্রেককারী, উল্লেখযোগ্য বিশৃঙ্খলার কারণ এবং অন্যের অধিকার হরণকারী না হলে রাজনৈতিক বা অন্য কোন প্রকারের বোতাম, ব্যাজ বা হাত-পট্টি পরিধান করা;

7. স্কুলে প্রতিষ্ঠিত যৌক্তিক নির্দেশ অনুযায়ী বুলেটিন বোর্ডে নোটিশ প্রদান করা, যদি না তা হয় নোংরা, অশ্লীল, বাণিজ্যিক অথবা স্কুলে বস্তুগত বিঘ্ন ঘটায়, উল্লেখযোগ্য বিশৃঙ্খলার কারণ এবং অন্যের অধিকার হরণকারী;
8. ডিপার্টমেন্ট অব এডুকেশনের পোশাক নীতি অনুসরণ করে এবং ধর্মীয় অভিব্যক্তির সাথে সঙ্গতি রেখে নিজেদের পোশাক নির্বাচনের। কেবল যেসব ক্ষেত্রে এধরনের পোশাক বিপজ্জনক অথবা শিক্ষাদান ও শিক্ষাগ্রহণে বাধা সৃষ্টি করে সেসব ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম হবে;
9. শারীরিকভাবে, কাগজে এবং কাজে নিরাপদ থাকার এবং স্কুল এলাকায় ব্যবহারযোগ্য সামগ্রী স্কুল ভবনে বহন করার;
10. শরীর-তল্লাশি সহ অযৌক্তিক ও যথেচ্ছ তল্লাশি থেকে মুক্ত থাকার;
11. দৈহিক শাস্তি থেকে মুক্ত থাকার (চ্যান্সেলরের প্রবিধান A-420 ও A-421 অনুসারে);
12. প্লেজ অব এলেজিয়েন্স সমর্থন বা অস্বীকার করার।

III. সুবিচার পাওয়ার অধিকার

এই নথিতে উল্লিখিত বিধি অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীদের ন্যায় বিচার পাওয়ার অধিকার আছে।

শিক্ষার্থীদের অধিকার আছে:

1. স্কুলের শৃঙ্খলা বিধি এবং নিয়ম-নীতি অবহিত হওয়ার;
2. কোন্ আচরণটি যথাযোগ্য এবং কোন্ আচরণটি শাস্তিযোগ্য তা জানার;
3. স্কুলের অভ্যন্তরে কোন্ আচরণ তাদের পড়াশোনা এবং কল্যাণকে প্রভাবিত করবে, এ ব্যাপারে পেশাদার মরামর্শদাতাদের পরামর্শ পাওয়ার;
4. কোন্ অপরাধের কী পরিণাম বা কী সমাধান হতে পারে, তা জানার;
5. শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে কারণ উল্লেখ করে যথা সময়ে লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার;
6. ন্যায় বিচার পাওয়ার, যেখানে নীতি লংঘনের অভিযোগের প্রেক্ষিতে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে সাময়িক বহিষ্কার বা বহিষ্কার হওয়ার সম্ভাবনা রয়েছে;
7. এ দলিলটিতে লিপিবদ্ধ বিধি অনুযায়ী স্কুল কর্তৃপক্ষের নেয়া পদক্ষেপ ও সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করার পদ্ধতি সম্পর্কে জানার;
8. সাক্ষাৎকার ও শুনানির সময় পিতা-মাতা/প্রাপ্ত-বয়স্ক পারিবারিক সদস্য এবং অথবা প্রতিনিধি সঙ্গে নেয়ার;
9. যেখানে পুলিশ সংশ্লিষ্ট হতে পারে, সেখানে স্কুলের কর্মচারী উপস্থিতির;
10. স্টুডেন্ট রেকর্ডে অন্তর্ভুক্ত কোন বিষয়ে চ্যালেঞ্জ করার এবং লিখিত ব্যাখ্যা দাবি করার;

IV. শিক্ষার্থীদের দায়িত্ব

সকল শিক্ষার্থীদের দায়িত্বশীল আচরণই হলো এ দলিলে বর্ণিত অধিকারগুলি সংরক্ষিত করার একমাত্র উপায়। এ সমস্ড় দায়দায়িত্ব লংঘনের ফলে শৃঙ্খলা বিধি অনুযায়ী শাস্ড়িমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে। দায়িত্বের পূর্ণাঙ্গ স্বীকৃতি এবং অধিকার চর্চার মধ্য দিয়ে শিক্ষার্থীরা নিজেদের এবং সমাজের সেবা করার মহৎ সুযোগ পেতে পারে।

শিক্ষার্থীদের দায়িত্ব হলো:

1. নিয়মিত এবং সময়মত স্কুলে উপস্থিত হওয়া এবং এবং লেখাপড়ার প্রতিটি বিষয়ে তাদের সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করা;
2. ক্লাসের জন্য প্রয়োজনীয় সামগ্রী নিয়ে প্রস্তুত হওয়া এবং টেক্সট বুক এবং অন্যান্য উপকরণের যথার্থ রক্ষণাবেক্ষণ করা;
3. শ্রেণি কক্ষে এবং স্কুল ভবনে প্রবেশ এবং বাহির হওয়ার সময় স্কুলের নিয়ম মেনে চলা;
4. স্কুলের পরিবেশকে অস্ত্র, বে-আইনী ড্রাগস্, নিয়ন্ত্রিত দ্রব্য এবং এ্যালকোহল থেকে মুক্ত রাখতে সহায়তা করা;
5. এমন আচরণ করা যাতে লেখাপড়ার নিরাপদ পরিবেশ বজায় থাকে এবং অন্যের লেখাপড়ার অধিকার ভঙ্গ না হয়;
6. স্কুল কম্যুনিটির স্বাস্থ্য ও কল্যাণকে বিপন্ন করতে পারে, এমন তথ্য স্কুল কর্তৃপক্ষকে অবহিত করা;
7. অন্যের মর্যাদা এবং সমানাধিকারকে সম্মান করা এবং এমন কাজ থেকে বিরত থাকা, যা অন্যের অধিকার ক্ষুণ্ন ও অস্বীকার করে;
8. স্কুলের সম্পদের মর্যাদা দেয়া এবং অন্যের সম্পদেরও মর্যাদা দেয়া, হোক তা সরকারী বা ব্যক্তি বিশেষের;
9. অন্যের আসল বা অনুমিত বয়স, জাতি, বিশ্বাস, বর্ণ, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক প্রকাশ, ধর্ম, মূল জাতীয়তা, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, যৌনসঙ্গী হিশেবে পুরুষ/নারীর প্রতি পক্ষপাত, শারীরিক এবং/অথবা মানসিক অবস্থা, প্রতিবন্ধিতা, বৈবাহিক অবস্থা এবং রাজনৈতিক বিশ্বাস সম্পর্কে নম্র, ভদ্র এবং শ্রদ্ধাশীল থাকা এবং এ সমস্ড় বিষয় নিয়ে নিন্দা জানানো থেকে বিরত থাকা;
10. অন্য শিক্ষার্থী, শিক্ষক এবং স্কুল কর্মচারীদের সাথে নম্র, সত্যনিষ্ঠ এবং সহযোগিতামূলক আচরণ করা;
11. উন্নত মানবিক সম্পর্ককে উৎসাহ দেয়া এবং স্কুল কমিউনিটির সবার মধ্যে সমঝোতার সেতু নির্মাণ করা;
12. বিরোধ মীমাংসার ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ না হওয়ার পন্থা অবলম্বন করা;
13. শিক্ষার্থী সংসদের নির্বাচনে অংশগ্রহণ করা এবং ভোট দেয়া;
14. সর্বোচ্চ অংশগ্রহণ উৎসাহিত করার জন্য এবং ছাত্র সংসদকে অর্থবহ ফোরাম হিসেবে তৈরি করার জন্যে ইতিবাচক নেতৃত্ব প্রদান করা;
15. শিক্ষা কার্যক্রম বহির্ভূত বৃহৎ কার্যক্রম বিকাশে শিক্ষার্থীদের প্রয়োজন এবং শারীরিক, সামাজিক এবং সাংস্কৃতিক পরিমন্ডলের প্রতিনিধিত্বের জন্য স্কুল কর্তৃপক্ষের সাথে কাজ করা;
16. দায়িত্বশীল সাংবাদিকতার নীতি মেনে চলা;
17. স্কুল কম্যুনিটির বিভিন্ন ক্রিয়া-প্রতিক্রিয়াকালে বক্তৃতা, লেখা কিংবা অন্য কোন মাধ্যমে মত প্রকাশের ক্ষেত্রে অশ্লীলতা এবং মানহানীকর বক্তব্য থেকে বিরত থাকা;
18. এমনভাবে আত্মপ্রকাশ করা, যাতে তা সহযোগিতাকে উৎসাহিত করে এবং লেখাপড়ার প্রক্রিয়ায় হস্ড়ক্ষেপ না করে;
19. শান্ড়িপূর্ণভাবে সমাবেশ করা এবং যে সমস্ড় শিক্ষার্থীরা সমাবেশে অংশ নিতে আগ্রহী নয়, তাদের মতামতকে সম্মান দেয়া;

20. স্কুলে এমন ব্যক্তিগত ব্যবহার্য জিনিস বহন না করা, যা নিরাপত্তা এবং লেখাপড়ার পরিবেশকে ব্যাহত করে না;
21. স্কুলের শরীরচর্চা কেন্দ্র, শরীরচর্চার ক্লাস, ল্যাবরেটরি এবং দোকানে পোশাক সম্বন্ধীয় নির্দেশ পালন করা;
22. স্কুলের শৃঙ্খলা বিধির সাথে পরিচিত হওয়া এবং স্কুলের নিয়ম-নীতিগুলো মেনে চলা;
23. সহপাঠী শিক্ষার্থীদের স্কুলের প্রতিষ্ঠিত নীতি মেনে চলা এবং তার চর্চা করার ক্ষেত্রে নেতৃত্ব দেয়া;
24. সামাজিক ও শিক্ষাগত বিষয়সহ স্কুল সংক্রান্ত বিষয়ে পিতা-মাতাকে অবহিত করা এবং স্কুলের কর্মচারীদের পক্ষ থেকে যে সমস্ত বিজ্ঞপ্তি পিতা-মাতার কাছে শিক্ষার্থীদের মাধ্যমে পাঠানো হয়, তার প্রাপ্তি নিশ্চিত করা।

শিক্ষার্থীদের শৃঙ্খলা বিধি

কিন্ডারগার্টেন – গ্রেড ৫ স্তর ১

বিধিলঙ্ঘন – অবাধ্য আচরণ

A01 অকারণে স্কুলে অনুপস্থিতি (শুধুমাত্র A-D)

A02 স্কুলের প্রয়োজনীয় পোশাক পরে না আসা (যে সব স্কুলে পোশাক-নীতি বলবৎ আছে এবং যাদের পিতামাতা ব্যতিক্রম হিশেবে অনুমতি নেননি।) (শুধুমাত্র A এবং/অথবা D)

A03 স্কুলে দেরিতে আসা

A04 অনুমোদন ছাড়া স্কুলে নিষিদ্ধ যন্ত্র বা বস্তু নিয়ে আসা (যেমন সেল ফোন, বিপার, অথবা অন্যান্য ইলেক্ট্রনিক যোগাযোগ/বিনোদন যন্ত্র)

A05 স্কুলের অভ্যন্তরে নির্ধারিত স্থানে অবস্থান করায় ব্যর্থতা

A06 এমন আচরণ করা, যার ফলে লেখাপড়া বিঘ্নিত হয় (যেমন: শ্রেণিকক্ষ, হলওয়ে এবং লাইব্রেরিতে চেঁচামেচি করা)

A07 রূঢ় অথবা অসম্মানজনক ভাষা ব্যবহার করা

A08 * এমন কাপড় বা মস্তকাবরণ পরিধান বা অন্য বস্তু ধারণ করা, যা নিরাপদ নয় বা লেখাপড়ায় বাধাস্বরূপ

A09 ডিপার্টমেন্ট অব এডুকেশনের লিখিত নীতি এবং/অথবা স্কুল বিধিতে নিষিদ্ধ বলে উল্লিখিত কোন কিছু স্কুল এলাকায় বিলি বা প্রদর্শন করা

A10 স্কুলের কমপিউটার, ফ্যাক্স মেশিন, টেলিফোন অথবা অন্য কোন ইলেকট্রোনিক যন্ত্রপাতি যথাবিহিত অনুমতি ছাড়া ব্যবহার করা।

* কোন মস্তকাবরণ ধর্মীয় প্রথার পরিচায়ক কি-না, এমন প্রশ্ন উঠলে স্কুল কর্তৃপক্ষকে সিনিয়র ইয়ুথ ডেভেলপমেন্ট ডিরেক্টর-এর সাথে যোগাযোগ করতে হবে।

সম্ভাব্য শাস্তিমূলক ব্যবস্থার পরিধি

A. স্কুলের শিক্ষকমন্ডলী কর্তৃক ভর্ৎসিত হওয়া

B. শিক্ষার্থী-শিক্ষক বৈঠক

C. যথোপযুক্ত সুপারভাইজার কর্তৃক তিরস্কার (যেমন অ্যাসিট্যান্ট প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যাল কর্তৃক)

D. পিতামাতার সাথে বৈঠক

E. স্কুল-অভ্যন্তরে শাস্তিমূলক ব্যবস্থা (যেমন শিক্ষাবহির্ভূত কার্যক্রম, বিরতি, মধ্যাহ্নের খাবার ইত্যাদি থেকে বাদ দেয়া)

F. শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষ থেকে বহিষ্কার (কোন শিক্ষার্থী সেমেস্টার চলাকালীন তিন বার বা এক ট্রাইমেস্টারে দুই বার বহিস্কৃত হওয়ার পর প্রিন্সিপ্যালের কাছে বহিষ্কারের জন্য অবশ্যই আবেদন করতে হবে, যদি সে অনুরূপ আচরণ অব্যাহত রাখে, যাতে শিক্ষকের বহিষ্কার করা ছাড়া অন্য কোন উপায় না থাকে)

যথাপ্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থার সাথে ব্যবহার্য সম্ভাব্য তত্ত্বাবধানমূলক অনুশাসনের পরিধি

- পিতামাতার সাথে যোগাযোগ
- পরামর্শ কর্মীর সহায়তা
- তত্ত্বাবধানমূলক বৈঠক
- ব্যক্তিগত/দলগত পরামর্শ
- সতীর্থ মধ্যস্থতা
- মেন্টরিং কর্মসূচি
- দ্বন্দ্ব নিরসন
- আচরণচুক্তি প্রণয়ন
- আচরণগত অগ্রগতির স্বল্প-মেয়াদি প্রতিবেদন
- পি.পি.টি. (পিউপল পার্সোনেল টিম)-এর কাছে পাঠানো
- কম্যুনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে)
- কম্যুনিটিভিত্তিক সংগঠন (সি.বি.ও.)-এর কাছে পাঠানো)

বিধিলঙ্ঘন - উচ্ছৃঙ্খল ও গোলযোগপূর্ণ আচরণ

A11 ধূমপান করা এবং/অথবা ম্যাচ বা লাইটার (শুধু A-D)

A12 জুয়া খেলা

A13 অবমাননাকর, অশ্লীল, কুরুচিপূর্ণ, অশোভন অথবা কদর্য ভাষা ব্যবহার বা অঙ্গাভঙ্গি করা

A14 স্কুল কর্তৃপক্ষের কাছে মিথ্যা বলা, মিথ্যা তথ্য দেয়া এবং/অথবা তাদের বিপথে চালিত করা

A15 অন্যের জিনিস অপব্যবহার করা

A16 স্কুল-বাসে গোলযোগমূলক আচরণ করা বা গোলযোগের কারণ সৃষ্টি করা

A17 স্কুল তত্ত্বাবধায়ক কর্মকর্তার অনুমতি ব্যতিরেকে ক্লাস বা স্কুল থেকে বের হয়ে যাওয়া

A18 অসঙ্গত বা অনাকাঙ্ক্ষিত দৈহিক সংস্পর্শে লিপ্ত হওয়া বা কারও দেহের গোপন অংশ স্পর্শ করা * (শুধুমাত্র গ্রেড 'কে'-৩; গ্রেড ৪-৫ এর জন্য বিধিলঙ্ঘন A28 দেখুন। ধাক্কা দেয়া, ঠেলাঠেলি করা ইত্যাদির জন্য A24 দেখুন।)

A19 এডুকেশন ডিপার্টমেন্টের ইন্টারনেট ব্যবহার বিধি ভঙ্গ করা (যেমন, এডুকেশন ডিপার্টমেন্টের কম্পিউটার শিক্ষার সাথে সম্পর্কহীন কাজে ব্যবহার করা, নিরাপত্তা/গোপনীয়তা ভঙ্গ করা)

A20 পাঠ সংক্রান্ড় অসাধু পন্থা অবলম্বনে লিপ্ত হওয়া, তবে তা নিম্নলিখিত বিষয়ের মধ্যে সীমিত নয়:

a. প্রতারণা করা (যেমন: অন্যদের উত্তরপত্র থেকে নকল করা; পরীক্ষার সময় পরীক্ষার্থীদের জন্য নিষিদ্ধ বস্তু ব্যবহার করা; অনুমোদন ছাড়া অন্য শিক্ষার্থীর সহযোগিতা নেয়া, জ্ঞাতসারে কোন প্রশ্নপত্র পরীক্ষার আগে সম্পূর্ণ বা আংশিকভাবে ব্যবহার করা, খরিদ করা, বিক্রয় করা, চুরি করা, বহন করা, অথবা পাওয়ার জন্য অনুরোধ করা; অন্য শিক্ষার্থীর বিকল্প হিশেবে পরীক্ষা দেয়া বা নিজের জন্য বিকল্প হতে অন্যকে অনুমতি দেয়া; কোন পরীক্ষার প্রশ্ন পাওয়ার জন্য কাউকে ঘুষ দেয়া; অথবা পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তর সংগ্রহ করা)

b. নকল করা (অন্যের কর্মকে স্বীকৃতি না দিয়ে বা ঋণ স্বীকার না করে নিজের বলে চালিয়ে দেয়া, যেমন ইন্টারনেট অথবা অন্য উৎস থেকে মুদ্রিত লেখা নকল করা)

c. যোগসাজশ করা (জালিয়াতি করে লাভবান হওয়ার জন্য কারো যোগসাজশে লিখিত কর্ম প্রণয়ন করা)

A21 * বারংবার দ্বিতীয় স্ড়রে বর্ণিত আচরণ করা (স্তর ২ এর শাস্ড়িমূলক ব্যবস্থা গ্রহণের পূর্বে যথার্থ এবং সম্ভব হলে স্কুল কর্তৃপক্ষকে স্তর ১ এর শাস্ড়িমূলক ব্যবস্থাগুলো প্রয়োগ করতে হবে। তাছাড়াও বারংবার স্তর ১ এর বিধিলঙ্ঘন স্তর ২ এর শাস্ড়িমূলক ব্যবস্থার মধ্যে সীমাবদ্ধ।)

* এটি শুধুমাত্র প্রথম স্ড়রের বিধি A04- A10, গ্রেড 'কে'-৫ এর ক্ষেত্রে প্রযোজ্য।

সম্ভাব্য শাস্ড়িমূলক ব্যবস্থার পরিধি

A. স্কুলের শিক্ষকমন্ডলী কর্তৃক ভর্ৎসিত হওয়া

B. শিক্ষার্থী-শিক্ষক বৈঠক

C. যথোপযুক্ত সুপারভাইজার কর্তৃক তিরস্কার (যেমন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যাল কর্তৃক)

D. পিতামাতার সাথে বৈঠক

E. স্কুল-অভ্যন্ড়রে শাস্ড়িমূলক ব্যবস্থা (যেমন শিক্ষাবহির্ভূত কার্যক্রম, বিরতি, মধ্যাহ্নের খাবার ইত্যাদি থেকে বাদ দেয়া)

F. শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষ থেকে বহিষ্কার (কোন শিক্ষার্থী সেমেস্টার চলাকালীন তিন বার বা এক ট্রাইমেস্টারে দুই বার বহিষ্কৃত হওয়ার পর প্রিন্সিপ্যালের কাছে বহিষ্কারের জন্য অবশ্যই আবেদন করতে হবে, যদি সে অনুরূপ আচরণ অব্যাহত রাখে, যাতে শিক্ষকের বহিষ্কার করা ছাড়া অন্য কোন উপায় না থাকে)

G. প্রিন্সিপ্যাল কর্তৃক সাময়িক বহিষ্কার

যথাপ্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থার সাথে ব্যবহার্য সম্ভাব্য তত্ত্বাবধানমূলক অনুশাসনের পরিধি

- পিতামাতার সাথে যোগাযোগ
- পরামর্শ কর্মীর সহায়তা
- তত্ত্বাবধানমূলক বৈঠক
- ব্যক্তিগত/দলগত পরামর্শ
- সতীর্থ মধ্যস্থতা
- মেন্টরিং কর্মসূচি
- দ্বন্দ্ব নিরসন
- আচরণচুক্তি প্রণয়ন
- আচরণগত অগ্রগতির স্বল্প-মেয়াদি প্রতিবেদন
- পি.পি.টি. (পিউপল পার্সোনেল টিম)-এর কাছে পাঠানো
- কম্যুনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে)
- কম্যুনিটিভিত্তিক সংগঠন (সি.বি.ও.)-এর কাছে পাঠানো)
- মাদকের অপব্যবহার সংক্রান্ত যথোপযুক্ত পরামর্শ পরিষেবার কাছে পাঠানো
- কিশোর বয়সী সম্পর্কের অপব্যহার বা যৌন সহিংসতার জন্য পরামর্শ পরিষেবার কাছে পাঠানো

বহিষ্কারাদেশের মেয়াদশেষে ফিরে-আসা শিক্ষার্থীদের জন্য সহায়তা

সাময়িক বহিষ্কারাদেশের মেয়াদ শেষে ফিরে-আসা শিক্ষার্থীদেরকে সহায়ক পরিষেবা প্রদান করতে হবে স্কুল কম্যুনিটির পরিসরে তাদের সামাজিক ও প্রাতিষ্ঠানিক শিক্ষার মান অর্জনের ক্ষমতা সর্বোচ্চ মাত্রায় বৃদ্ধি করার জন্য। সহায়তা পরিষেবার মধ্যে যে-কোনো ধরনের তত্ত্বাবধানমূলক ব্যবস্থা অথবা শিক্ষার্থীর চাহিদা সবচেয়ে ভালোভাবে মেটাতে সক্ষম এধরনের একাধিক পরিষেবা অর্ন্তভুক্ত হতে পারে।

কিন্ডারগার্টেন – গ্রেড ৫ স্তর ৩

বিধিলঙ্ঘন – উচ্ছৃঙ্খল ও গোলযোগপূর্ণ আচরণ

A22 অবাধ্য হওয়া; স্কুলের আইনানুগ কর্তৃপক্ষ অথবা নিরাপত্তা রক্ষীকে অস্বীকার করা অথবা অমান্য করা

A23 আসল বা অনুমিত জাতি, জাতিগত পরিচয়, বর্ণ, মূল জাতীয়তা, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌনসঙ্গী হিশেবে পুরুষ/নারীর প্রতি পক্ষপাত, অথবা প্রতিবন্ধিতাকে ভিত্তি করে অনুভূতিতে আঘাতসূচক ভাষা ব্যবহার করা

A24 কাউকে ঠেলা দেয়া, ধাক্কা মারা অথবা এধরনের দৈহিক কসরতে (যেমন, ধাক্কাধাক্কি করা বা অন্যান্য তুচ্ছ বচসা) লিপ্ত হওয়া, কিংবা কোনকিছু ছুড়ে মারা (যেমন, চক) বা অপর কোন ব্যক্তিকে থুতু দেয়া (মারামারির জন্য A34 ব্যবহার করুন।)

A25 স্কুলের লিখিত নিয়ম লঙ্ঘন করে স্কুলে অননুমোদিত বহিরাগতকে নিয়ে আসা বা প্রবেশ করতে দেয়া

A26 অন্যের সম্পত্তি বিনা অনুমতিতে ইচ্ছাকৃতভাবে নিজের কাছে রাখা

A27 যে-কোন প্রক্রিয়ায় স্কুলের কোন রেকর্ড পরিবর্তন, বদল অথবা জাল করা, এ প্রক্রিয়ার মধ্যে কমপিউটার ব্যবহার বা অন্য কোন ধরনের ইলেকট্রোনিক পন্থতি অন্তর্ভুক্ত, তবে শুধু এর মধ্যে সীমিত নয়

A28 অসঙ্গত বা অনাকাঙ্ক্ষিত দৈহিক সংস্পর্শে লিপ্ত হওয়া বা কারো দেহের গোপন অংশ স্পর্শ করা (শুধুমাত্র গ্রেড ৪-৫ এর জন্য, কে-৩ এর জন্য বিধিলঙ্ঘন A18 দেখুন। ধাক্কা দেয়া, ঠেলাঠেলি করা ইত্যাদির জন্য A24 ব্যবহার করুন।)

A29 * গ্যাং-সংশ্লিষ্ট আচরণে লিপ্ত হওয়া (যেমন, গ্যাং-এর পোশাক পরা এবং/অথবা আনুষঙ্গিক উপকরণ ব্যবহার করা, দেয়ালে লিখন, অঙ্গভঙ্গি বা ইশারা করা**) (শুধুমাত্র গ্রেড ৪-৫) (শুধুমাত্র D-I)

A30 **ভাঙচুর করা, দেয়ালে লেখা বা ইচ্ছাকৃতভাবে স্কুল সামগ্রী বা স্কুল কর্মচারী, শিক্ষার্থী বা অন্য কারো সম্পত্তি বিনষ্ট করা (শুধুমাত্র C-I)

A31 কুৎসাপূর্ণ কোন বিষয় বা লেখা বিতরণ বা প্রকাশ (ইন্টারনেটসহ)

A32 *** বারংবার স্ড়র ২-এ বর্ণিত আচরণ করা (স্ড়র ৩-এর শাস্ড়িমূলক ব্যবস্থা গ্রহণের আগে, যথার্থ এবং সম্ভাব্য ক্ষেত্রে, স্কুল কর্তৃপক্ষকে স্ড়র ২-এর শাস্ড়িমূলক ব্যবস্থাগুলোর প্রয়োগ সম্পন্ন করতে হবে। উপরন্তু, বারংবার স্ড়র ২ বিধিলঙ্ঘন ক্ষেত্রে শাস্ড়িমূলক ব্যবস্থা স্তর ৩-এর মধ্যে সীমাবদ্ধ।) (শুধুমাত্র D-I)

* কোন আচরণ গ্যাং-সংশ্লিষ্ট কি-না, তা নির্ধারণ করার জন্য স্কুল কর্তৃপক্ষে অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট গ্যাং ইউনিটের সাথে পরামর্শ করা উচিত

** সম্পত্তির প্রভূত ক্ষতিসাধনের কারণে যদি ব্যাপক মেরামতের প্রয়োজন হয়, সুপারিনটেনডেন্ট সাময়িক বহিষ্কারাদেশেরমেয়াদ ৩০-৯০ স্কুল দিবসের জন্য বর্ধিত করতে পারেন, যেখানে ৩০ বা ৬০ স্কুল দিবস পর আগাম পুনর্বহালের লক্ষ্যে স্বতোক্রিয় পর্যালোচনার ব্যবস্থা থাকে।

*** এটি শুধুমাত্র স্তর ২, গ্রেড কে-৫ এর বিধিলঙ্ঘন A11-A21 এর ক্ষেত্রে প্রযোজ্য

সম্ভাব্য শাস্ড়িমূলক ব্যবস্থার পরিধি

A. স্কুলের শিক্ষকমন্ডলী কর্তৃক ভর্ৎসিত হওয়া

B. শিক্ষার্থী-শিক্ষক বৈঠক

C. যথোপযুক্ত সুপারভাইজার কর্তৃক তিরস্কার (যেমন অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যাল কর্তৃক)

D. পিতামাতার সাথে বৈঠক

E. স্কুল-অভ্যন্ড়রে শাস্ড়িমূলক ব্যবস্থা (যেমন শিক্ষাবহির্ভূত কার্যক্রম, বিরতি, মধ্যাহ্নের খাবার ইত্যাদি থেকে বাদ দেয়া)

F. শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষ থেকে বহিষ্কার (কোন শিক্ষার্থী সেমেস্টার চলাকালীন তিন বার বা এক ট্রাইমেস্টারে দুই বার বহিস্কৃত হওয়ার পর প্রিন্সিপ্যালের কাছে বহিষ্কারের জন্য অবশ্যই আবেদন করতে হবে, যদি সে অনুরূপ আচরণ অব্যাহত রাখে, যাতে শিক্ষকের বহিষ্কার করা ছাড়া অন্য কোন উপায় না থাকে)

G. প্রিন্সিপ্যাল কর্তৃক সাময়িক বহিষ্কার

H. সুপারিনটেনডেন্ট কর্তৃক সাময়িক বহিষ্কারাদেশ যা পর্যবসিত হয় তাৎক্ষণিক পুনর্বহালে

I. সুপারিনটেনডেন্ট কর্তৃক সাময়িক বহিষ্কারাদেশ যা পর্যবসিত হয় ৬-১০ স্কুলদিবস স্থায়ী অব্যাহত বহিষ্কারে

যথাপ্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থার সাথে ব্যবহার্য সম্ভাব্য তত্ত্বাবধানমূলক অনুশাসনের পরিধি

- পিতামাতার সাথে যোগাযোগ
- পরামর্শ কর্মীর সহায়তা
- তত্ত্বাবধানমূলক বৈঠক
- ব্যক্তিগত/দলগত পরামর্শ
- সতীর্থ মধ্যস্থতা
- মেন্টরিং কর্মসূচি
- দ্বন্দ্ব নিরসন
- আচরণচুক্তি প্রণয়ন
- আচরণগত অগ্রগতির স্বল্প-মেয়াদি প্রতিবেদন
- পি.পি.টি. (পিউপল পার্সোনেল টিম)-এর কাছে পাঠানো
- কম্যুনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে)
- কম্যুনিটিভিত্তিক সংগঠন (সি.বি.ও.)-এর কাছে পাঠানো)
- মাদকের অপব্যবহার সংক্রান্ত যথোপযুক্ত পরামর্শ পরিষেবার কাছে পাঠানো
- কিশোর বয়সী সম্পর্কের অপব্যহার বা যৌন সহিংসতার জন্য পরামর্শ পরিষেবার কাছে পাঠানো
- পক্ষপাতমূলক জবরদস্তি, ভীতিপ্রদর্শন বা হয়রানির কারণে পরামর্শ পরিষেবার কাছে পাঠানো

বহিষ্কারাদেশের মেয়াদশেষে ফিরে-আসা শিক্ষার্থীদের জন্য সহায়তা

সাময়িক বহিষ্কারাদেশের মেয়াদ শেষে ফিরে-আসা শিক্ষার্থীদেরকে সহায়ক পরিষেবা প্রদান করতে হবে স্কুল কম্যুনিটির পরিসরে তাদের সামাজিক ও প্রাতিষ্ঠানিক শিক্ষার মান অর্জনের ক্ষমতা সর্বোচ্চ মাত্রায় বৃদ্ধি করার জন্য। সহায়তা পরিষেবার মধ্যে যে-কোনো ধরনের তত্ত্বাবধানমূলক ব্যবস্থা অথবা শিক্ষার্থীর চাহিদা সবচেয়ে ভালোভাবে মেটাতে সক্ষম এধরনের একাধিক পরিষেবা অর্ন্তভুক্ত হতে পারে।

বিধিলঙ্ঘন – বিপজ্জনক অথবা হিংস্র আচরণ

A33 সহিংসতা, আহত অথবা ক্ষতিসাধন করার হুমকি, অথবা শিক্ষার্থী বা কর্মীদের বিরুদ্ধে সহিংস ব্যবস্থা গ্রহণের বর্ণনা সংবলিত কাগজপত্র বা উপকরণ কোথাও সাঁটান বা বিলি করা (ইন্টারনেটে এধরনের উপকরণ প্রকাশ করাসহ) (শুধুমাত্র D-I)

A34 কলহ এবং/অথবা দৈহিকভাবে আক্রমণাত্মক আচরণে লিপ্ত হওয়া, ধস্তাধস্তি ব্যতীত, যা ছোটখাট জখম হওয়ার যথেষ্ট ঝুঁকি সৃষ্টি করে বা জখমের ঘটনা ঘটায়।

A35 ভয়ভীতি প্রদর্শন অথবা অন্যের বা অন্যদের বিরুদ্ধে সহিংস, অপকারী বা ক্ষতিকারক আচরণে লিপ্ত হওয়ার হুমকি দেয়া

A36 *স্কুল বাসে এমন কোন আচরণে লিপ্ত হওয়া, যার ফলে আহত হওয়ার বাস্তব ঝুঁকি সৃষ্টি হয় (শুধুমাত্র G-J)

A37 ভয়ভীতি প্রদর্শনমূলক আচরণে লিপ্ত হওয়া– কোন শিক্ষার্থী অথবা স্কুল কর্মচারীকে হুমকি দেয়া, উদ্দেশ্য গোপন করে অথবা জবরদস্তিমূলকভাবে মারধোরের ভয় দেখিয়ে কোন কাজ করতে বাধ্য করা; মৌখিক এবং শারীরিকভাবে এমন কিছু করা, যা অন্যদের ক্ষতি করতে পারে, আসল বা অনুমিত জাতি, জাতিগত পরিচয়, বর্ণ, মূল জাতীয়তা, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, ধর্মীয় আচার, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌনসঙ্গী হিশেবে পুরুষ/নারীর প্রতি পক্ষপাত অথবা প্রতিবন্ধিতা নিয়ে অপমানজনক ও অশালীন ভাষায় কথা বলা

A38 যৌন ইঙ্গিতপূর্ণ মন্তব্য করা, কটাক্ষ করা, কুপ্রস্তাব দেয়া বা অনুরূপ মন্তব্য করা, অথবা উচ্চারিত কিংবা অনুচ্চারিত ভাষায় অথবা দৈহিকভাবে যৌন অভিব্যক্তিমূলক (যেমন, গায়ে হাত দেয়া, গায়ে হাত বুলানো, চিমটি কাটা, জনসমক্ষে অশালীন অথবা অশোভন আচরণ করা) (শুধুমাত্র গ্রেড ৪-৫)

A39 যথাযোগ্য অনুমোদন ছাড়া নিয়ন্ত্রিত দ্রব্য, বেআইনি মাদক, মাদক ব্যবহারের সরঞ্জামাদি এবং/অথবা মদ রাখা

* চ্যান্সেলরের প্রবিধান A-801মোতাবেক শিক্ষার্থীদের বাস পরিষেবা বাতিল করা যেতে পারে।

সম্ভাব্য শাস্তিমূলক ব্যবস্থার পরিধি

D. পিতামাতার সাথে বৈঠক

E. স্কুল-অভ্যন্তরে শাস্তিমূলক ব্যবস্থা (যেমন শিক্ষাবহির্ভূত কার্যক্রম, বিরতি, মধ্যাহ্নের খাবার ইত্যাদি থেকে বাদ দেয়া)

F. শিক্ষক কর্তৃক শ্রেণিকক্ষ থেকে বহিষ্কার (কোন শিক্ষার্থী সেমেস্টার চলাকালীন তিন বার বা এক ট্রাইমেস্টারে দুই বার বহিষ্কৃত হওয়ার পর প্রিন্সিপ্যালের কাছে বহিষ্কারের জন্য অবশ্যই আবেদন করতে হবে, যদি সে অনুরূপ আচরণ অব্যাহত রাখে, যাতে শিক্ষকের বহিষ্কার করা ছাড়া অন্য কোন উপায় না থাকে)

G. প্রিন্সিপ্যাল কর্তৃক সাময়িক বহিষ্কার

H. সুপারিনটেনডেন্ট কর্তৃক সাময়িক বহিষ্কারাদেশ যা পর্যবসিত হয় তাৎক্ষণিক পুনর্বহালে

I. সুপারিনটেনডেন্ট কর্তৃক সাময়িক বহিষ্কারাদেশ যা পর্যবসিত হয় ৬-১০ স্কুলদিবস স্থায়ী অব্যাহত বহিষ্কারে

J. ৩০ অথবা ৬০ স্কুল দিবস পর আগাম পুনর্বহালের জন্য স্বতঃক্রিয় পর্যালোচনার ব্যবস্থাসহ রিজিওন্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক সাময়িক বহিষ্কারাদেশ যা পর্যবসিত হয় ৩০-৯০ স্কুলদিবস স্থায়ী বর্ধিত বহিষ্কারে

যথাপ্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থার সাথে ব্যবহার্য সম্ভাব্য তত্ত্বাবধানমূলক অনুশাসনের পরিধি

- পিতামাতার সাথে যোগাযোগ
- পরামর্শ কর্মীর সহায়তা
- তত্ত্বাবধানমূলক বৈঠক
- ব্যক্তিগত/দলগত পরামর্শ
- সতীর্থ মধ্যস্থতা
- মেন্টরিং কর্মসূচি
- দ্বন্দ্ব নিরসন
- আচরণচুক্তি প্রণয়ন
- আচরণগত অগ্রগতির স্বল্প-মেয়াদি প্রতিবেদন
- পি.পি.টি. (পিউপল পার্সোনেল টিম)-এর কাছে পাঠানো
- কম্যুনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে)
- কম্যুনিটিভিত্তিক সংগঠন (সি.বি.ও.)-এর কাছে পাঠানো)
- মাদকের অপব্যবহার সংক্রান্ত যথোপযুক্ত পরামর্শ পরিষেবার কাছে পাঠানো
- কিশোর বয়সী সম্পর্কের অপব্যহার বা যৌন সহিংসতার জন্য পরামর্শ পরিষেবার কাছে পাঠানো
- পক্ষপাতমূলক জবরদস্তি, ভীতিপ্রদর্শন বা হয়রানির কারণে পরামর্শ পরিষেবার কাছে পাঠানো

বহিষ্কারাদেশের মেয়াদশেষে ফিরে-আসা শিক্ষার্থীদের জন্য সহায়তা

